

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। মঙ্গলবার বিকালে ফলাফল প্রকাশ করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. আবু তাহের।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে 'এ' ইউনিটের প্ররীক্ষায় ৪ হাজার ১১৫ জন, 'বি' ইউনিটে ৩ হাজার ২১৮ জন এবং 'সি' ইউনিটে ৯৭৪ জন পাশ করে। যেখানে 'এ' ইউনিটে পাসের হার ২৪ শতাংশ (প্রায়), 'বি' ইউনিটে ১৬ শতাংশ (প্রায়) এবং 'সি' ইউনিটে ১১ শতাংশ। আগামী ২৪ ও ২৫ নভেম্বর ভর্তি পরীক্ষায় পাশকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে ইউনিট অনুযায়ী সাক্ষাৎকার নেয়া হবে। ২৬ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত (শুক্র ও শনিবৰ ব্যতীত) বিভাগগুলোতে ভর্তি কার্যক্রম চলবে। এছাড়া নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু হবে আগস্ট ১ লা জানুয়ারি। উল্লেখ্য, গত ৮ ও ৯ নভেম্বর এই ৩ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ শিক্ষাবর্ষে 'এ' ইউনিটে (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) সাতটি বিভাগে মোট ৩৫০টি আসনে ভর্তির জন্য ২৬ হাজার ৯৭৫ জন, 'বি' ইউনিটে (কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদ) আটটি বিভাগে ৪৫০টি আসনের বিপরীতে ২৮ হাজার ২৯৫ জন এবং 'সি' ইউনিটে (ব্যবসায় শিক্ষা অনুষদ) চারটি বিভাগে ২৪০টি আসনের বিপরীতে ১২ হাজার ৮০৭ জন শিক্ষার্থী আবেদন করে। যেখানে ভর্তি পরীক্ষায় 'এ' ইউনিটে মোট ১৭,৪৩৪ জন, 'বি' ইউনিটে ২০,৩০৪ জন এবং 'সি' ইউনিটে ৮,৯৭৯ জন শিক্ষার্থী উপস্থিত ছিল। বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ইউনিট ভিত্তিক ফলাফল ও সাক্ষাৎকারসহ বিভিন্ন বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.cou.ac.bd](http://www.cou.ac.bd)) ও হেল্পলাইন ০১৫৫৭-৩৩০৩৮১/০১৫৫৭-৩৩০৩৮২ এ জানা যাবে।